



বিষয়ঃ অর্থ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে “নৈতিকতা কমিটি” সভার কার্যবিবরণী।

সভাপতি	:	আব্দুর রউফ তালুকদার সিনিয়র সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ ও সময়	:	২৯/০৩/২০২১, বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	:	কনফারেন্স রুম (১২ তলা), ভবন নম্বর-১১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট-‘ক’**

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের সম্মানিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানান। অতঃপর সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি অর্থ বিভাগের সকল অনুবিভাগের কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচির বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ
০১.	যথাসময়ে অর্থ বিভাগের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথা সময়ে বাস্তবায়ন করতে হবে।	সকল শাখা/অধিশাখা
০২.	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে আলাদা সভার আয়োজন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
০৩.	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন নিরীক্ষকের পূর্ণ বিবরণসহ স্বাক্ষর প্রদানের বিষয়ে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল
০৪.	কর্মকর্তা-কর্মচারীদের জিপিএফ অটোমেশন ও কর্মচারীদের পে-রোল অটোমেশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৫.	অর্থ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর ত্রৈমাসিক ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।	হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এবং যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা)

২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
০৫/০৪/২০২১
আব্দুর রউফ তালুকদার
সিনিয়র সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নম্বর: ০৭.০০.০০০০.০৩৩.০৫.০০৮.২০-১০৩


তারিখ: ২২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, মহাখালী, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (বাজেট ও সামষ্টিক অর্থনীতি)/(প্রবাসী)/(প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)/(প্রশাসন ও সমন্বয়)/(প্রশাসন), অনুবিভাগ, অর্থ বিভাগ।
- ০৪। উপসচিব (প্রশিক্ষণ)/(প্রশাসন), অর্থ বিভাগ।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ।
- ০৬। জনাব মোঃ আব্দুস সালাম শাহ, সিস্টেম এনালিস্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ।

অনুলিপি: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-

- ০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। অফিস কপি।


মোহাম্মদ সাইদুল আরীফ
উপসচিব